অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/18/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2021 সালের স্টেট অব দ্যা স্টেটের অংশ হিসেবে আংশিক বেকারত্বের সুবিধাদির উন্নতিসাধন করার প্রস্তাব ঘোষণা করলেন

নতুন পরিকল্পনাটি নিশ্চিত করবে যে বেকার নিউ ইয়র্কবাসীরা যারা খণ্ডকালীন কাজ গ্রহণ করেন তাদের জরিমানা করা হবে না এবং ব্যবসাগুলি আরও ভালোভাবে পুনরায় গড়ে ওঠার সাথে নমনীয়তা প্রদান করা হবে

আংশিক বেকারত্বের সুবিধাদির গণনা এখন কাজ করা দিনের বদলে কাজ করা প্রকৃত ঘন্টার ভিত্তিতে করা হবে

মার্চ 2020 থেকে, নিউ ইয়র্ক রাজ্য 4 মিলিয়ন নিউ ইয়র্কবাসীদের জন্য বেকারত্বের সুবিধাদির মাধ্যমে 62 বিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছে - সাধারণ 29টি বছরেরও বেশি মূল্য

সোমবার, জানুয়ারী 18, 2021 থেকে শুরু হওয়া কাজের ক্ষেত্রে কার্যকর হওয়া আংশিক বেকারত্বের বীমার পরিবর্তনগুলি - যার জন্য বেকার নিউ ইয়র্কবাসীরা রবিবার, জানুয়ারী 24, 2021 থেকে সাক্ষ্যদান করা শুরু করবেন

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ 2021 সালের স্টেট অব দ্যা স্টেটের অংশ হিসেবে খণ্ডকালীন কাজ করতে ফিরে আসা নিউ ইয়র্কবাসীদের জন্য আংশিক বেকারত্বের বীমা সুবিধাদির বৃদ্ধির একটি প্রস্তাব ঘোষণা করলেন। যে বেকার নিউ ইয়র্কবাসীরা খণ্ডকালীন কাজ গ্রহণ করেন তাদের আংশিক বেকারত্বের সুবিধাদি একটি নির্দিষ্ট সপ্তাহে কাজ করা দিনের সংখ্যার বদলে, কাজ করা প্রকৃত ঘন্টার উপর ভিত্তি করে গণনা করার মাধ্যমে এই পরিকল্পনা নিশ্চিত করবে যে তাদের জরিমানা হবে না। এই পরিবর্তন ব্যবসাগুলিকে খণ্ডকালীন পদগুলি পূরণ করতে সাহায্য করার সাথে নিউ ইয়র্কের অর্থনীতিতে আরও অর্থ উদ্বুদ্ধ করবে।

নির্বাহী বাজেটের সাথে যে আইন জমা দেওয়া হবে সেটি বেকার নিউ ইয়র্কবাসীদের পূর্ণ-সময়ের কাজের সন্ধান করার সাথে একটি খণ্ডকালীন চাকরী গ্রহণের জন্য উৎসাহিত করতে স্থায়ীভাবে একটি আংশিক বেকারত্বের বীমার কর্মসূচি (Unemployment Insurance Program) প্রণয়ন করবে, বর্তমানে চলমান প্রযুক্তিগত উন্নতির মাধ্যমে সম্ভব হওয়া একটি সংশোধিত গণনার সাথে।

2020 সালের মার্চ মাসে COVID মহামারী শুরু হওয়ার পর থেকে, নিউ ইয়র্ক রাজ্য 4 মিলিয়ন নিউ ইয়র্কবাসীদের জন্য বেকারত্বের সুবিধাদির মাধ্যমে 62 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিতরণ করেছে - যা 29টি সাধারণ বছরেরও বেশি মূল্যের সুবিধাদি উপস্থাপন করে, যা মাত্র দশ মাসে প্রদান করা হয়েছে। এর মধ্যে রয়েছে নতুন-বর্ধিত ফেডারেল বেকারত্বের কর্মসূচিগুলির মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের 4 জানুয়ারি, 2021-এর সপ্তাহে প্রদান করা 1 বিলিয়ন মার্কিন ডলার, যা নিউ ইয়র্ক অন্যান্য রাজ্যের চেয়ে কয়েক সপ্তাহ আগে বাস্তবায়ন করেছে।

"COVID মহামারী দ্বৈত সংকটের সৃষ্টি করেছে, আমেরিকানদের শারীরিক স্বাস্থ্য এবং আর্থিক কল্যাণকে ঝুঁকির মুখে ফেলে - এবং নিউ ইয়র্কে আমরা এই জনস্বাস্থ্যের জরুরী অবস্থার উভয় পক্ষকে সম্বোধন করছি। আমি অবিলম্বে সেকেলে নিয়মগুলি পরিবর্তন করতে শ্রম বিভাগকে (Department of Labor) নির্দেশ দিচ্ছি যাতে আমরা মহামারী থেকে ফিরে দাঁড়ানোর সাথে, বেকার নিউ ইয়র্কবাসীদের খণ্ডকালীন চাকরী নেওয়ার জন্য জরিমানা না করা হয়," **গভর্নর কুওমো বলেন।** "খণ্ডকালীন কাজকে উৎসাহিত করা নিউ ইয়র্কবাসীদের দ্রুত কাজে ফিরতে সাহায্য করবে, ছোট ব্যবসাগুলিকে এই কঠিন সময়ে পরিভ্রমণের জন্য প্রয়োজনীয় নমনীয়তা প্রদান করবে, এবং আমাদের প্রতিবেশীদের টেবিলে খাবার রাখার জন্য অর্থ রয়েছে তা নিশ্চিত করবে।"

নিউ ওয়ার্ক স্টেটের শ্রম বিভাগের (New York State Department of Labor) কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেন, "এই প্রস্তাবটিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমি গভর্নর কুওমোর প্রশংসা করছি। গুরুত্বপূর্ণ সুবিধাদি হারানোর ভয়ে কোনও নিউ ইয়র্কবাসীকে খণ্ডকালীন কাজ করতে নিরুৎসাহিত করা উচিত নয়, যখন তারা তাদের পরিবারের সমর্থনের জন্য এবং পূর্ণকালীন কাজে ফিরে যাওয়ার জন্য প্রয়োজনীয় সমস্ত কিছু করার চেষ্টা করছেন। এই নতুন পরিকল্পনাটি আমাদের কর্মশক্তি, আমাদের ব্যবসা এবং আমাদের সম্প্রদায়ের জন্য একটি গুরুত্বপূর্ণ পথ।"

বর্তমান আইন অনুযায়ী, বেকার নিউ ইয়র্কবাসীদের সাপ্তাহিক সুবিধাদি একজন ব্যক্তির কাজ করা প্রত্যেক দিনের জন্য 25 শতাংশ হ্রাস করা হয়, কাজ করা ঘন্টা নির্বিশেষে - যারা খণ্ডকালীন চাকরী গ্রহণ করেন তাদের অন্যায়ভাবে জরিমানা করে। এর অর্থ, যে কেউ চার দিন বা তার বেশি কাজ করেছেন - যদিও তারা দিনে মাত্র এক ঘন্টা কাজ করে থাকেন - তাদের পুরো সাপ্তাহিক সুবিধাদি বাজেয়াপ্ত করতে হবে।

আংশিক বেকারত্বের এই অযৌক্তিক ব্যবস্থা সংশোধন করার জন্য, গভর্নর কুওমো শ্রম বিভাগকে অবিলম্বে এমন জরুরী ব্যবস্থাগুলি বাস্তবায়নের জন্য নির্দেশনা দেবেন যা এক সপ্তাহের সময়কালে কাজ করা ঘন্টার সংখ্যার উপর আংশিক বেকারত্বের সুবিধার ভিত্তি করবে। এই নতুন ব্যবস্থার অধীনে, বেকার নিউ ইয়র্কবাসীরা সপ্তাহে সাত দিন পর্যন্ত কাজ করেও কিছু বেকারত্বের সুবিধাদি পেতে পারেন, যতক্ষণ পর্যন্ত তারা 30 ঘন্টার কম কাজ করেন এবং মোট বেতনে 504 মার্কিন ডলারের কম আয় করেন। আংশিক সুবিধাদি গণনার নতুন পদ্ধতি নিচে বর্ণনা করা হয়েছে:

- **যে নিউ ইয়র্কবাসীরা সপ্তাহে শূন্য থেকে চার ঘন্টা পর্যন্ত কাজ করেন এবং 504 মার্কিন ডলারের বেশি আয় করেন না,** তারা তাদের পূর্ণ বেকারত্বের সুবিধাদি পাবেন;

- **যে নিউ ইয়র্কবাসীরা সপ্তাহে চার থেকে দশ ঘন্টা পর্যন্ত কাজ করেন এবং 504 মার্কিন ডলারের বেশি আয় করেন না**, তারা তাদের বেকারত্বের সুবিধাদির 75 শতাংশ পাবেন;
- **যে নিউ ইয়র্কবাসীরা সপ্তাহে দশ থেকে 20 ঘন্টা পর্যন্ত কাজ করেন এবং 504 মার্কিন ডলারের বেশি আয় করেন না**, তারা তাদের বেকারত্বের সুবিধাদির অর্ধেকটা পাবেন;
- **যে নিউ ইয়র্কবাসীরা সপ্তাহে 20 থেকে 30 ঘন্টা পর্যন্ত কাজ করেন এবং 504 মার্কিন ডলারের বেশি আয় করেন না**, তারা তাদের বেকারত্বের সুবিধাদির 25 শতাংশ পাবেন;
- **যে নিউ ইয়র্কবাসীরা সপ্তাহে 30 ঘন্টার বেশি কাজ করেন, আয় নির্বিশেষে,** তারা তাদের বেকারত্বের সুবিধাদির কিছুই পাবেন না।

তা সত্ত্বেও নিউ ইয়র্কবাসীদের প্রতি সপ্তাহে তাদের সুবিধাদি পাওয়ার জন্য অনলাইনে অথবা ফোনে সাপ্তাহিক সাক্ষ্যদান জমা দিতে হবে। তবে, শ্রম বিভাগকে (Department of Labor, DOL) অবিলম্বে এই পরিবর্তন বাস্তবায়ন করার অনুমতি দিতে, দাবিদারদের সাক্ষ্যদান করার সময় প্রতিবেদন করার জন্য একটি ফর্মুলা ব্যবহার করে তাদের কাজ করা ঘন্টার সংখ্যাকে "দিনের" সংখ্যায় রূপান্তর করতে হবে।

যখন DOL-এর সাক্ষ্যদান ব্যবস্থাটি কাজের দিনের সংখ্যা জানতে চায়, নিউ ইয়র্কবাসীরা একটি নির্দিষ্ট সপ্তাহে তাদের কাজ করা মোট ঘন্টার সংখ্যা যোগ করবেন এবং তাদের সাপ্তাহিক কাজ করা ঘন্টাগুলি কীভাবে প্রতিবেদন করার জন্য দিনের সংখ্যায় অনুবাদিত হয় তা নির্ধারণ করতে নিম্নলিখিত চার্টটি ব্যবহার করবেন।

সোমবার, 18ই জানুয়ারি, 2021 তারিখে বা তার পরে করা কাজের জন্য এই পরিবর্তনগুলি কার্যকর হবে, যার জন্য বেকার নিউ ইয়র্কবাসীরা রবিবার, 24শে জানুয়ারি, 2021 থেকে সাক্ষ্যদান করা শুরু করবেন।

একটি নির্দিষ্ট সপ্তাহে কাজ করা ঘন্টাগুলি		**সাক্ষ্যদান করার সময় প্রতিবেদন করার জন্য দিনের সংখ্যা**	**সুবিধাদিতে হ্রাসের শতাংশ**
0	4	0	0
4.1	10	1	25%
10.1	20	2	50%
20.1	30	3	75%

সপ্তাহের জন্য মোট ঘন্টা গণনা করার সময়, দাবিদারদের প্রতিদিনে সর্বোচ্চ 10 ঘন্টা ব্যবহার করা উচিত, যদিও বা তারা দিনে আরও বেশি ঘন্টার জন্য কাজ করে থাকেন।

এই সংস্কারটির বাস্তবায়ন এবং বেকার নিউ ইয়র্কবাসীদের সমর্থন করার জন্য, গভর্নর কুওমো একটি ওয়ার্কফোর্স ফরওয়ার্ড স্ট্রাইক দল (Workforce Forward Strike Team) চালু করবেন, যা DOL, গভর্নরের ওয়ার্কফোর্স উন্নয়ন অফিস (Workforce Development Office) এবং এম্পায়ার স্টেট উন্নয়ন কর্পোরেশনের (Empire State Development Corporation) বিশেষজ্ঞদের একত্রিত

করবে, খণ্ডকালীন কর্মীদের সন্ধানকারী ছোট ব্যবসাগুলির সাথে খণ্ডকালীন কর্মসংস্থানের সন্ধানকারী বেকার নিউ ইয়র্কবাসীদের সংযুক্ত করতে। এছাড়াও স্ট্রাইক দলটি ব্যবসাগুলিকে মহামারী থেকে ফিরে দাঁড়ানোর সময় খণ্ডকালীন কর্মীরা যে নমনীয়তা প্রদান করেন তা কাজে লাগাতে কৌশল বিকাশে সহায়তা করবে।

উপরন্তু, গভর্নর কুওমো DOL-কে তার শেয়ার করা কর্ম কর্মসূচিটি (Shared Work Program) শক্তিশালী করার নির্দেশ দেবেন, যা কর্মীদের হ্রাসকৃত সময় কাজ করার সাথে আংশিক বেকারত্বের বীমার সুবিধাদি পাওয়ার সুযোগ প্রদানের মাধ্যমে নিয়োগকর্তাদের কর্মবিরতি এড়াতে সক্ষম করে। এই কর্মসূচিটি, যা 1986 সাল থেকে চলছে, COVID-19 সঙ্কটের প্রতিক্রিয়ায় অস্থায়ীভাবে কর্মী হ্রাস করার সময় রাজ্য জুড়ে ব্যবসাগুলির জন্য একটি গুরুত্বপূর্ণ লাইফলাইন হয়ে ওঠে। গভর্নর কুওমোর নেতৃত্বে, DOL ইতিমধ্যে কাগজপত্রের প্রয়োজন হ্রাস করেছে এবং পরিকল্পনা অনুমোদন এবং প্রত্যয়ন প্রক্রিয়াগুলি উন্নত করেছে, যার ফলে শেয়ার করা কর্ম কর্মসূচিটি 2020 সালে পরিকল্পনার সংখ্যায় 10-গুণ বৃদ্ধি করতে সক্ষম হয়েছে- যা মহামারীর সময় 60,000 এরও বেশি নিউ ইয়র্কবাসীদের কর্মরত থাকতে সাহায্য করছে। আগামী বছরে, DOL লক্ষ্যযুক্ত প্রসারমূলক প্রচেষ্টা পরিচালনা করবে এবং নতুন প্রযুক্তি বাস্তবায়ন করবে যা নিয়োগকর্তাদের জন্য এই গুরুত্বপূর্ণ কর্মসূচি সম্পর্কে শেখা এবং এতে অংশগ্রহণ করা সহজ করবে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন